

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৮৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ লোকের বাহ্যিক অবস্থা ও কার্যকলাপের ভিত্তিতে বিধান প্রয়োগ করা হবে এবং তাদের আভ্যন্তরিক অবস্থা আল্লাহকে সঁপে দেওয়া হবে

আববী

وَعَن أَبِي عَبِدِ اللهِ طَارِقِ بِنِ أَشْيَمَ قَالَ: سَمِعْتُ رَسُوْلَ اللهِ عَلَيْ يَقُولُ مَنْ قَالَ لاَ إِلٰهَ إِلاَّ الله وَكَفَرَ بِما يُعْبَدُ مِنْ دُونِ اللهِ حَرُمَ مَالُهُ وَدَمُهُ وَحِسَابُهُ عَلَى الله تَعَالَى رواه مسلم

বাংলা

(৩৫৮৯) আবূ আব্দুল্লাহ ত্বারেক ইবনে আশ্য়্যাম (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলল এবং আল্লাহ ব্যতীত অন্যান্য উপাস্যকে অস্বীকার করল, তার মাল ও রক্ত হারাম হয়ে গেল ও তার (অন্তরের) হিসাব আল্লাহর দায়িত্ব।

ফুটনোট

(মুসলিম ১৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন